# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ৮. লোভনীয় প্রস্তাবসমূহ পেশ (تقديم الاقتراحات المشتهية للمسلمين)

অতঃপর তারা সাধারণ মুসলমানদের ফিরিয়ে আনার জন্য লোভনীয় প্রস্তাব সমূহ পেশ করল। সেরা ধনী অলীদ বিন মুগীরাহ্র নেতৃত্বে তারা নির্যাতিত-নিপীড়িত নওমুসলিমদের বলতে লাগলো যে, তোমরা পিতৃধর্মে ফিরে এলে তোমাদের জীবনে সচ্ছলতা ও সুখ-সাচ্ছন্দ্য ফিরিয়ে দেওয়া হবে। এমনকি পরকালে তোমাদের পাপের বোঝা আমরাই বহন করব। যেমন আল্লাহ বলেন,

> وَقَالَ الَّذِيْنَ كَفَرُوا لِلَّذِيْنَ آمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطَايَاكُمْ وَمَا هُمْ بِحَامِلِيْنَ مِنْ خَطَايَاهُمْ مِنْ شَيْءٍ إِنَّهُمْ لَكَاذِبُوْنَـ وَلَيَحْمِلُنَّ أَثْقَالَهُمْ وَأَثْقَالاً مَعَ أَثْقَالِهِمْ وَلَيُسْأَلُنَّ يَوْمَ الْقِيَامَةِ عَمَّا كَانُوا يَفْتَرُونَـ (العنكبوت ১২-১৩)-

‘কাফিররা মুমিনদের বলে, তোমরা আমাদের পথ অনুসরণ কর, আমরা তোমাদের পাপভার বহন করব। অথচ তারা তাদের পাপভার কিছুই বহন করবে না। নিশ্চয়ই তারা মিথ্যাবাদী’। ‘তারা নিজেদের পাপের বোঝা বহন করবে এবং তাদের বোঝার সাথে অন্যদের বোঝা সমূহ। আর তারা যেসব মিথ্যা উদ্ভাবন করে, সেবিষয়ে তাদেরকে ক্বিয়ামতের দিন অবশ্যই প্রশ্ন করা হবে’ (আনকাবূত ২৯/১২-১৩; তাফসীর ইবনু কাছীর)। বস্ত্ততঃ কুফর ও নিফাকের অনুসারী বাতিলপন্থীরা সর্বযুগে উক্ত কপট নীতি অনুসরণ করে থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5229

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন